



এনএসইউতে জুলাই অভ্যুত্থানে অহিংস প্রতিরোধবিষয়ক পাবলিক লেকচার

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) ‘অহিংস প্রতিরোধ : জুলাই ২০২৪-এ বাংলাদেশে শান্তিপূর্ণ উপায়ে কর্তৃত্ববাদের মোকাবেলা’ শীর্ষক পাবলিক লেকচার গতকাল অনুষ্ঠিত হয়েছে। সেন্টার ফর পিস স্টাডিজ (সিপিএস) এবং পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড সোসিওলজি (পিএসএস) বিভাগের যৌথ আয়োজনে অধিবেশনটি পরিচালনা করেন সিপিএসের পরিচালক ড. এম জসিম উদ্দিন। সূচনা বক্তব্য দেন পিএসএস বিভাগের চেয়ারপারসন ড. রিজওয়ান খায়ের। সহ-আয়োজক ছিলেন কানাডার ইউনিভার্সিটি অব রিজিনার সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুল্লাহ। মূল বক্তব্য দেন কোস্টারিকার ইউনিভার্সিটি ফর পিসের ইমেরিটাস অধ্যাপক ড. আমর আব্দুল্লাহ। এনএসইউ উপাচার্য আবদুল হান্নান চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনে ধন্যবাদ জানান স্কুল অব হিউম্যানিটিস অ্যান্ড সোস্যাল সায়েন্সের ডিন ড. মো. রিজওয়ানুল ইসলাম।